

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
www.tourismboard.gov.bd

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন উপলক্ষ্যে ১৫ জুলাই ২০২০ / ৩১ আষাঢ় ১৪২৭ তারিখে অনুষ্ঠিত এপিএ'র ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	জাবেদ আহমেদ প্রধান নির্বাহী কর্মকর্তা
সভার তারিখ	১৫.০৭.২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	ভার্চুয়াল প্ল্যাটফর্ম জুম।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হল।

২. আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে জনাব আবু তাহের মুহাম্মদ জাবের, পরিচালক (বিপণন, পরিকল্পনা ও জনসংযোগ) ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২০) বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান, কোভিড ১৯ মহামারীর কারণে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হয়েছে। এ সম্পর্কিত একটি প্রতিবেদন ০১ জুলাই ২০২০ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভায় ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ প্রমাণক প্রশাসন শাখায় প্রেরণ করার জন্য সকল শাখা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত প্রমাণকসহ নির্ধারিত সময় ১০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে সঠিকভাবে APAMS সফটওয়্যারে ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র ৪র্থ ত্রৈমাসিক অর্জন দাখিল করার জন্য প্রশাসন শাখাকে নির্দেশনা প্রদান করা হয়।

২.২ জনাব আবু তাহের মুহাম্মদ জাবের, পরিচালক (বিপণন, পরিকল্পনা ও জনসংযোগ) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২১' সংক্রান্ত একটি পরিপত্র জারী করেছে। সে মোতাবেক বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ প্রণয়ন করা হয়েছে। সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর প্রতিটি কার্যক্রম নিয়ে আলোচনা করা হয় এবং কর্মকর্তাদের মতামতের প্রেক্ষিতে তা সাথে সাথে কম্পিউটারে সংশোধন করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর নির্ধারিত কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, কর্মসম্পাদন সূচকের মান, লক্ষ্যমাত্রার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

৩. সিদ্ধান্ত: আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-


৩.১ বিটিবি'র ২০২০-২১ অর্থবছরের "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি" অনুমোদন করা হয়।

৩.২ ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে বাস্তবায়নকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করে একটি অফিস আদেশ জারী করা হবে।

৩.৩ বিটিবি'র পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আবু তাহের মুহাম্মদ জাবের, এর তত্ত্বাবধানে ২০১৯-২০২০ অর্থবছরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সম্পাদিত কাজ এবং ব্যয় নির্বাহ সম্পর্কে অভ্যন্তরীণ অডিট পরিচালনার জন্য একটি অভ্যন্তরীণ অডিট কমিটি কমিটি গঠন করা হবে।

৩.৪ সকল শাখা কর্মকর্তাগণ ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ প্রমাণক ২৫ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ করবেন।

৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জাবেদ আহমেদ
প্রধান নির্বাহী কর্মকর্তা


স্মারক নম্বর: ৩০.৩৩.০০০০.১১১.৩৭.০০২.১৮.৭১

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭

১৩ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারী (পরিচালক-হিসাবরক্ষক)



জাবেদ আহমেদ
প্রধান নির্বাহী কর্মকর্তা